



স্মরক নং-৪৭.৬২.০০০০.৯০৬.২৯.০৬০.১৬-২১৪৫

তারিখ: ০৯ আষাঢ়'১৪২৭ বঙ্গাব্দ  
২৩ জুন'২০২১ খ্রিস্টাব্দ

### নোটিশ

বিআরডিবি'র আওতায় বাস্তবায়নাধীন “পিআরডিপি-৩ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের কার্যক্রম ৬৪ টি জেলার ২১৫ টি উপজেলার ৬৫০ টি ইউনিয়নে জুলাই' ২০১৫ হতে জুন' ২০২২ খ্রি: মেয়াদে সম্প্রসারিত আকারে বাস্তবায়িত হচ্ছে। টেকসই পল্লী উন্নয়ন ও গ্রামীণ জীবনমান উন্নয়নে প্রকল্পটি রোল (Role Model) হিসেবে বিবেচিত। এ প্রকল্পে “লিংক মডেল” নামে টেকসই পল্লী উন্নয়নের একটি পরীক্ষিত মডেল অনুশীলন করা হয়। প্রকল্পটি মাঠ পর্যায়ে সঠিক বাস্তবায়ন, সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উপায় নিরূপণ, কার্যক্রম মূল্যায়ন এবং বর্তমান অবস্থার প্রেক্ষিতে সারাদেশে বাস্তবায়নে করণীয় নির্ধারণের লক্ষ্যে “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন মডেল পর্যালোচনা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন” বিষয়ক দিনব্যাপী কর্মশালা বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মরত সহকারী পরিচালক ও তদূর্ধ্ব কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে আগামী ২৬/০৬/২০২১ তারিখ শনিবার সকাল ০৯.০০ ঘটিকায় বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় বিআরডিবি'র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত কর্মশালায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

→  
২৬/০৬/২০২১  
তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০০৪১।

স্মরক নং-৪৭.৬২.০০০০.৯০৬.২৯.০৬০.১৬-২১৪৫

তারিখ: ০৯ আষাঢ়'১৪২৭ বঙ্গাব্দ  
২৩ জুন'২০২১ খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সহকারী পরিচালক (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র সম্মেলন কক্ষটি কর্মশালা অনুষ্ঠানোপযোগী রাখার অনুরোধসহ)।
- ৫। যুগ্ম পরিচালক, (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ৬। প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ৭। পরিচালক (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৯। অফিস/ মাস্টার কপি।

→  
২৩/০৬/২০২১  
সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক